

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
[আইন-১ অধিশাখা]
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৭৫০.২০১১-২৬৬

তারিখ ২৬ মার্চ ১৪২৪ বঙ্গাব্দ
৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ মামলার রায় হতে উদ্ভূত কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ এর ১৪/১১/২০১৭ তারিখের আদেশের প্রেক্ষিতে প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্রঃ (১) জেলা প্রশাসক, ফরিদপুর এর স্মারক নং ০৫.১২.২৯০০.০১০.০৪.০০১.১৮-২২ তাং-২৮.১.২০১৮ খ্রিঃ।
(২) মেয়র, ফরিদপুর পৌরসভার স্মারক নং- ফঃ পৌঃ/এস-২১/২০১৮/১৩০ (২) তাং-২৪.১.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, ফরিদপুর পৌরসভার ১৩.৬.২০১০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক কবিরবাগ মহিলা কলেজ বিলুপ্ত ঘোষণা এবং শিক্ষক ও কর্মচারীদের বেতন ভাতা বন্ধ করার সিদ্ধান্তকে চ্যালেঞ্জ করে স্থানীয় সরকার বিভাগের সচিবসহ ৪ জনকে প্রতিপক্ষ করে ভারপ্রাপ্ত অধ্যক্ষ শামসুদ্দিন আহমেদ এবং অপর ৭ জন হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ৮৬৫৭/২০১১ দায়ের করেন। উক্ত মামলায় গত ১৭.১০.২০১২খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষিত হয় এবং রায় বাস্তবায়ন না করায় মামলার বাদী কর্তৃক কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ দায়ের করা হয়। কনটেম্পট পিটিশন নং-৩৯০/২০১৫ এর ১৪.০১.২০১৭ তারিখের আদেশে মেয়র, ফরিদপুর পৌরসভা এবং কবিরবাগ পৌর মহিলা কলেজ পরিচালনা কমিটির চেয়ারম্যানকে প্রতিপক্ষ করা হয়েছে। সচিব, স্থানীয় সরকার বিভাগকে প্রতিপক্ষ করা হয়নি। অপরদিকে মাননীয় হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৮৬৫৭/২০১১ এ সচিব, স্থানীয় সরকার বিভাগকে ১নং প্রতিপক্ষ, সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে ২নং প্রতিপক্ষ, জেলা প্রশাসক, ফরিদপুরকে ৩ নং প্রতিপক্ষ এবং মেয়র, ফরিদপুর পৌরসভাকে ৪নং প্রতিপক্ষ করা হয়েছে। বিজ্ঞ আদালত উক্ত আদেশ ০৩ (তিন) মাসের জন্য স্থগিতকরতঃ ফল ইস্যু পূর্বক সচিব মহোদয়সহ প্রতিপক্ষগণকে জবাব দাখিলের আদেশ দিয়েছেন। পরবর্তীতে ১৪ নভেম্বর, ২০১৭ তারিখের আদেশে কনটেম্পট পিটিশন সংশোধন পূর্বক স্থানীয় সরকার বিভাগের সচিবকে ২নং বিবাদী, সচিব, শিক্ষা মন্ত্রণালয়কে ৩নং প্রতিপক্ষ এবং জেলা প্রশাসক, ফরিদপুরকে ৪নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। উক্ত কনটেম্পট পিটিশনে হাইকোর্ট বিভাগ বিগত ১৭.১০.২০১২ ইং তারিখের আদেশ বাস্তবায়নের নির্দেশ দিয়েছেন। তৎপ্রেক্ষিতে আইন অধিশাখার ২৩.১.২০১৮ তারিখের ১৬৭ নং স্মারকে রীট পিটিশন এবং কনটেম্পট পিটিশনের আলোকে ফরিদপুর পৌরসভার কবিরবাগ পৌর মহিলা কলেজের শিক্ষক কর্মচারীদের বেতন ভাতাদি পরিশোধ এবং উক্ত কলেজের বর্তমান কার্যক্রম সংক্রান্ত একটি প্রতিবেদন প্রদানের জন্য জেলা প্রশাসক, ফরিদপুরকে অনুরোধ করা হয়েছে। জেলা প্রশাসক, ফরিদপুর ও মেয়র, ফরিদপুর পৌরসভা কর্তৃক বিবেচ্যপত্রের মাধ্যমে পৃথক পৃথক প্রতিবেদন প্রেরণ করা হয়েছে।

২ এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন ৩৯০/২০১৫ মামলায় ২নং বিবাদী স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য জেলা প্রশাসক, ফরিদপুর এবং মেয়র, ফরিদপুর পৌরসভা হতে প্রাপ্ত প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তঃ জেলা প্রশাসক, ফরিদপুর এবং মেয়র, ফরিদপুর পৌরসভার প্রতিবেদন----- ফর্দ।



ড. ফারুক হোসেন পল্টন
সিনিয়র সহকারী সচিব (অ.সি.)

১৫৪০১১১

Email: esaa@lgd.gov.bd

সিনিয়র বিপ্লব কল্লার
সিনিয়র সিস্টেম অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
সিনিয়র সিস্টেম অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার

সিনিয়র সিস্টেম অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
সিনিয়র সিস্টেম অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার
সিনিয়র সিস্টেম অ্যান্ড নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার